



বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব সোহেলী শিরীন আহমেদ
যুগ্মসচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়।
সভার স্থান : বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৭০৮-৭১০)
তারিখ : ২৫.১১.২০২০ খ্রিস্টাব্দ
সময় : বেলা-১২.০০ ঘটিকা

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট- 'ক'।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী প্রোগ্রামার সভাকে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়ন অগ্রগতি অবহিত করেন। আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নে গৃহীত কর্মপরিকল্পনা নিয়ে সভায় আলোচনা করা হয়। সভায় আলোচিত হয় যে, ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির দ্বিতীয় প্রান্তিকের সময় শেষ পর্যায়ে চলে এসেছে। এলক্ষ্যে দ্বিতীয় প্রান্তিকের মধ্যে সম্ভাব্য অর্জনসমূহের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং দ্বিতীয় প্রান্তিক শেষ হওয়ার পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে প্রমাণকসহ প্রতিবেদন বাজেট অধিশাখায় প্রেরণের বিষয়টি নিশ্চিত করতে সকলকে পত্র প্রেরণ করতে হবে। অপরদিকে, ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্যের ৫.৩.২নং কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নের লক্ষ্যে গত ১৮.১১.২০২০ তারিখে পিপিপি বিষয়ক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় সংশ্লিষ্ট সংস্থা হিসেবে বিটিএমসি, মন্ত্রণালয়ের ৯ম গ্রেড তদুর্দ্ধ কর্মকর্তা এবং পিপিপি কর্তৃপক্ষের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

০২. ২৮.১০.২০২০ তারিখের সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
ক.	মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার প্রথম প্রান্তিকের প্রতিবেদন পর্যালোচনার জন্য পৃথক সভা আয়োজন করা;	মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার প্রথম প্রান্তিকের প্রতিবেদন পর্যালোচনার জন্য গত ০৩.১০.২০২০ তারিখে পৃথক সভা আয়োজন করা হয়েছে।
খ.	আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নের জন্য প্রস্তুতকৃত Action Planটি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা/অধিশাখায় প্রেরণ করা।	মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নের জন্য প্রস্তুতকৃত Action Planটি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সকল শাখা/অধিশাখা/অনুবিভাগে প্রেরণ করা হয়েছে।

০৩. সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- ক. দ্বিতীয় প্রান্তিক শেষ হওয়ার পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে প্রমাণকসহ প্রতিবেদন বাজেট অধিশাখায় প্রেরণের জন্য মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখা/অনুবিভাগ এবং দপ্তর/সংস্থাকে পত্র প্রেরণ করা;
- খ. গত ১৮.১১.২০২০ তারিখে অনুষ্ঠিত পিপিপি বিষয়ক কর্মশালার রেকর্ড অব নোটস প্রস্তুত এবং সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ।

০৪. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বাক্ষরিত/-
২৫.১১.২০২০
(সোহেলী শিরীন আহমেদ)
যুগ্মসচিব
ও
টিম লিডার, এপিএ কমিটি
বস্ত্র ও পাট মন্ত্রণালয়

স্মারক নং-২৪.০০.০০০০.১২১.০৫.০৩৭.২০(২য় খন্ড)• ২০৭

তারিখঃ ২৫.১১.২০২০খ্রি.

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ০১। যুগ্মসচিব (বাজেট), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। যুগ্মসচিব (বেওবি), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা-১), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। সহকারী প্রোগ্রামার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। সিস্টেম এনালিস্ট, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।


২৫/১১/২০২০

(স্বেনচান)

উপসচিব

ফোনঃ ৯৫৭৬৫৪৬

budget.motj@gmail.com